

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পার-২ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং ৪৫.১৪৩.০৮০.০০.০০.০০৮.২০১৩- ১১৩

তারিখঃ ২৬.০২.২০১৪ খ্রিঃ


বিষয়ঃ ২০১৪ খ্রিঃ সালের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠান এবং আবেদনপত্র আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি জারিকরণ প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৬/০২/২০১৪ তারিখের ৬ নম্বর পত্র এবং ১৬/০২/২০১৪ তারিখের ৪ নম্বর বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত পত্রের প্রেক্ষিতে ২০১৪ খ্রিঃ সালের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীসহ সংশ্লিষ্টদের অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পিএসসি হতে প্রাপ্ত পত্র এবং বিজ্ঞপ্তির এতদসঙ্গে প্রেরণ করা হল।

২। উল্লেখ্য, প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার আবেদনপত্রসমূহ নির্দেশনা অনুসারে আগামী ৩ এপ্রিল, ২০১৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ না পাঠানোর জন্য অনুরোধ করা হল।

সংযুক্তঃ পিএসসি'র পত্র এবং বিজ্ঞপ্তি।

  
মোঃ হামায়ুন কবীর  
উপসচিব (পার-২)  
ফোনঃ ৯৫৪০৪৪৮

[dsper2@mohfw.gov.bd](mailto:dsper2@mohfw.gov.bd)

মহাপরিচালক,  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা।  
দৃঃআঃ- পরিচালক, প্রশাসন।

অনুলিপিঃ

- ✓ ১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (২০১৪ খ্রিঃ সালের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা সংক্রান্ত পিএসসি'র পত্র এবং বিজ্ঞপ্তি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা ১২০৭।

নং-৮৬.১০৪.০৩৯.০০.০১.১ম.২০১৪/০৬

তারিখঃ ১৬/০২/২০১৪খ্রিঃ।

বিষয়ঃ ২০১৪ খ্রিঃ সালের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠান এবং আবেদনপত্র আহবান সংক্রান্ত বিজ্ঞপ্তি জারীকরণ প্রসংগে।

উপরিউক্ত বিষয়ে নির্দেশক্রমে জানাচ্ছি যে, ২০১৪ সালের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা আগামী জুন মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষার সময়-সূচী যথাসময়ে সংবাদপত্র ও ওয়েব সাইটের(www. bpsc. gov.bd)মাধ্যমে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় Online-এ আবেদনপত্র (soft copy) পূরণ ও দাখিল করা আগামী ২৭ ফেব্রুয়ারী দুপুর ১২.০০ ঘটিকা থেকে শুরু হবে এবং ২৭ মার্চ ২০১৪ খ্রিঃ তারিখের রাত ১২.০০ ঘটিকার মধ্যে নির্ভুলভাবে দাখিল করতে হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণ Online-এ আবেদনপত্র দাখিলের পর পূর্বের ন্যায় দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি (hard copy) এবং সংশ্লিষ্ট কাগজপত্র সমূহ মন্ত্রণালয়/বিভাগে পৌছাতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এর মাধ্যমে কর্মকর্তাদের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা/২০১৪ খ্রিঃ এর আবেদনপত্রসমূহ (hard copy, ম্যানুয়ালি) আগামী ৯ এপ্রিল, ২০১৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই কর্ম কমিশন সচিবালয়ে পৌছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য মন্ত্রণালয়/বিভাগ হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণ ও নিয়ন্ত্রণকারী কর্মকর্তা আবেদনপত্র মন্ত্রণালয়ের মাধ্যমে না পাঠিয়ে সরাসরি পিএসসিতে পাঠানোর কারণে বহু কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তাগণ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।

২। আবেদনপত্রের Online form যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপি(hard copy) যথাযথ আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (hard copy) বাতিল বলে গণ্য হবে। প্রেরিত আবেদনপত্র (hard copy) এবং আবেদনপত্রে লিখিত তথ্য সমূহ সঠিক এবং অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র (hard copy) সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদনপত্র বা প্রার্থীতা বাতিল হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের পুনরায় মনোযোগ/দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত Online-এ আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে ম্যানুয়ালি তা মন্ত্রণালয়ের মাধ্যমে পাঠানোর জন্য প্রার্থীদেরকে পরামর্শ দেওয়া হলো।

৩। উপরিউক্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতি অনুযায়ী ২০১৪ সালের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদেরকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

৪। উল্লেখ্য যে, কোন অবস্থাতেই বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র (কারণ যাই হোক) বিবেচনা করা হবে না এবং প্রবেশ পত্র (download কৃত, ছবি সম্বলিত) ব্যতীত কোন কর্মকর্তা পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন না।

সংলগ্নী : বর্ণনা অনুযায়ী।

সচিব  
কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা ১২০৭।

(মোঃ জহিরুল হক)  
পরিচালক।

ফোনঃ ৯১১৮১৮৯(অঃ)।

সূচী-সচিব (পার)

তারিখঃ ১৬/০২/১৪  
উপস্থিত (সঃ)  
নিম্নোক্ত কর্মকর্তাদের  
উপস্থিত HRM  
তারিখঃ ১৬/০২/১৪

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৪.০৩৯.০০.০১.১ম.২০১৪/০৪

তারিখঃ ১৬/০২/২০১৪খ্রিঃ।

বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন/২০১৪ খ্রিঃ গ্রহণ প্রসঙ্গে।

বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৪ খ্রিঃ সালের জুন মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় Online-এ আবেদনপত্র (soft copy) পূরণ ও দাখিল করা আগামী ২৭ ফেব্রুয়ারি দুপুর ১২.০০ ঘটিকা থেকে শুরু হবে এবং ২৭ মার্চ ২০১৪ খ্রিঃ তারিখের রাত ১২.০০ ঘটিকার মধ্যে নির্ভুলভাবে দাখিল করতে হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের Online-এ আবেদনপত্র দাখিলের পর পূর্বের ন্যায় দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি (hard copy) এবং সংশ্লিষ্ট কাগজপত্র মন্ত্রণালয়/বিভাগে পৌছাতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ এর মাধ্যমে কর্মকর্তাদের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা/২০১৪ খ্রিঃ এর আবেদনপত্রসমূহ (hard copy, ম্যানুয়ালি) আগামী ৯ এপ্রিল, ২০১৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই কর্ম কমিশন সচিবালয়ে পৌছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য মন্ত্রণালয়/বিভাগ হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণ ও নিয়ন্ত্রণকারী কর্মকর্তা আবেদনপত্র মন্ত্রণালয়ের মাধ্যমে না পাঠিয়ে সরাসরি পিএসসিতে পাঠানোর কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।

২। আবেদনপত্রের Online form যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে (hard copy) কপি আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (hard copy) বাতিল বলে গণ্য হবে। প্রেরিত আবেদনপত্র (hard copy) এবং আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ সঠিক এবং অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিমুক্ত বা ভুল তথ্য সংবলিত আবেদনপত্র (hard copy) সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদনপত্র বা প্রার্থিতা বাতিল হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব/ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ/ দৃষ্টি পুনরায় আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত Online-এ আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে ম্যানুয়ালি তা মন্ত্রণালয়ে পাঠানোর জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো।

৩। Online-এ BPSC Form-8 পূরণের নিয়মাবলি নিম্নরূপঃ-

প্রার্থীকে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ওয়েব সাইট website: [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) এর মাধ্যমে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত আবেদন (Form) পূরণ করে Online Registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ ওয়েবসাইটটি ওপেন করলে প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন/২০১৪ খ্রিঃ এর বাটনে Click করলে Notice, Instructions for Submitting Application, Application Form (BPSC Form-8: Application form for Examination under the Bangladesh Civil Service [Examination for Departmental] Rules, 1986) এর রেডিও বাটন দৃশ্যমান হবে। Notice-এর রেডিও বাটন ক্লিক করলে প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা জুন/২০১৪ এর বিজ্ঞপ্তি পাওয়া যাবে। এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণের ৪ পৃষ্ঠার বিস্তারিত নির্দেশনা দেওয়া আছে। ফর্ম পূরণের পূর্বে প্রার্থীগণ এই Instruction অংশটি ডাউনলোড করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। BPSC Form-8 এর ৪(চার) টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: Others ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলি রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং BPSC Form-8 এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য নির্দেশনা অনুসরণ করে Form পূরণ করতে হবে। এ জন্য প্রার্থীদের National ID card এর নম্বর, ছবি(হিমেজ ৩০০x৩০০ পিক্সেল (Pixels), ফাইল সাইজ ১০০ কেবি এর নীচে) এবং স্বাক্ষর(হিমেজ ৩০০x৮০ পিক্সেল (Pixels), ফাইল সাইজ ৬০ কেবি এর নীচে) প্রয়োজন হবে।

৪। প্রার্থীকে অবশ্যই কমিশন কর্তৃক Online-এ নির্ধারিত ফর্মে Online এ আবেদন করতে হবে। Online-এ আবেদনপত্রের প্রিন্টেড কপি (hard copy) ব্যতীত অন্য ধরনের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না অথবা পূর্বের আবেদনপত্রে আবেদন করলে সেক্ষেত্রে বাতিল বলে গণ্য হবে।

৫। Website এ Online এর Application করার Details নির্দেশাবলি দেওয়া আছে।

৬। যোগ্য এবং অযোগ্য প্রার্থীদের তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীদের পরীক্ষার প্রবেশপত্র পরবর্তী সময়ে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানোর পর প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে সংগ্রহ করতে হবে।

(মোঃ জাহরুল হক)  
পরিচালক